

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
অতিরিক্ত পরিচালক এর কার্যালয়  
ঢাকা অঞ্চল, ঢাকা  
ল্যাবরেটরী বিল্ডিং, ফার্মগেট, ঢাকা-১২১৫  
www.dae.dhakadiv.gov.bd

অফিস আদেশ  
নং তাং

যেহেতু, জনাব মোঃ মাহমুদুল হাসান, অফিস সহায়ক, উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কিশোরগঞ্জ এর বিরুদ্ধে ২৫-০৪-২০২২খ্রি: তারিখ হতে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির জন্য অত্র দপ্তরের স্মারক নং-১২.১৬.০০০০.০৩৯.২৭.৩১৭.১৮-১৬৭৫(২) তারিখ- ০২-১০-২০২২খ্রি: মোতাবেক 'সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর অধীন অসদাচরণ(Misconduct) ও পলায়ন (Desertion) এর অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক ১ম কারণ দর্শাও নোটিশ রেজিস্টার্ড ডাকযোগে আপনার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণ করা হয়; এবং

যেহেতু, আপনি জনাব মোঃ মাহমুদুল হাসান, অফিস সহায়ক, উপ-পরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কিশোরগঞ্জ নির্ধারিত সময়ের মধ্যে আত্মপক্ষ সমর্থনে কাগজ-পত্রাদিসহ বিভাগীয় মামলায় আনীত অভিযোগের জবাব দাখিল করেন নাই; এবং

যেহেতু, আপনি জনাব মোঃ মাহমুদুল হাসান, অফিস সহায়ক, উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কিশোরগঞ্জ এর বিরুদ্ধে বিভাগীয় মামলায় আনীত অভিযোগের উপর তদন্ত কার্যক্রম পরিচালনার জন্য অত্র দপ্তরের স্মারক নং-১২.১৬.০০০০.০৩৯.২৭.৩১৭.১৮-৩৬৬/১(৬) তারিখ- ১৫-০২-২০২২খ্রি: মোতাবেক ০৩ (তিন) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়; এবং


যেহেতু, তদন্ত কমিটির আহ্বায়ক উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কিশোরগঞ্জ এর স্মারক নং- ১২.১৭.৪৮০০.০৩৯.০৪৯.২৩-১৩২ তারিখ- ০৬-০৩-২০২২খ্রি: মোতাবেক আপনি জনাব মোঃ মাহমুদুল হাসান, অফিস সহায়ক, উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কিশোরগঞ্জ এর বিরুদ্ধে বিভাগীয় মামলায় আনীত অভিযোগের উপর তদন্ত কার্যক্রম সম্পন্ন করার পর মতামতসহ তদন্ত প্রতিবেদন দাখিল করেন; এবং

যেহেতু, তদন্ত প্রতিবেদন অনুযায়ী আপনি জনাব মোঃ মাহমুদুল হাসান, অফিস সহায়ক, উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কিশোরগঞ্জ এর বিরুদ্ধে বিভাগীয় মামলায় আনীত অসদাচরণ ও পলায়ন এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তদন্ত প্রতিবেদনের কপিসহ দোষী সাব্যস্ত করে আপনাকে কেন চাকুরী হতে বরখাস্তকরণ করা হবে না এ মর্মে অত্র কার্যালয়ের স্মারক নং-১২.১৬.০০০০.০৩৯.২৭.৩২১.১৯-৭৫৭(২) তারিখ- ০৩-০৪-২০২২খ্রি: মূলে বিভাগীয় মামলার দ্বিতীয় কারণ দর্শাও নোটিশ রেজিস্টার্ড ডাকযোগে আপনার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণ করা হয়। এছাড়া, বিভাগীয় মামলার দ্বিতীয় কারণ দর্শাও নোটিশটি জারীকারকের মাধ্যমে সার্ভিস রিটার্ন (এস আর) ফরমে আপনার পক্ষে আপনার পিতার স্বাক্ষর গ্রহণপূর্বক আপনার স্থায়ী ঠিকানায় বিলি/জারী করা হয়; এবং

যেহেতু, আপনি জনাব মোঃ মাহমুদুল হাসান, অফিস সহায়ক, উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কিশোরগঞ্জ বিভাগীয় মামলার দ্বিতীয় কারণ দর্শাও নোটিশের জবাব নির্ধারিত সময়ের মধ্যে দাখিল করেন নাই।

সেহেতু, আপনি জনাব মোঃ মাহমুদুল হাসান, অফিস সহায়ক, উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কিশোরগঞ্জকে 'সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ধারায় বর্ণিত অসদাচরণ (Misconduct) এবং বিধি ৩(গ) ধারায় বর্ণিত পলায়ন (Desertion) এর অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালায় বিধি ৪(৩)(ঘ) মোতাবেক আপনাকে (মো: মাহমুদুল হাসান) ২৫-০৪-২০২২খ্রি: তারিখ হতে চাকুরী থেকে বরখাস্তকরণ (Dismissal from service) গুরুদত্ত প্রদান করা হলো।

জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।



এস. এম. সোহরাব উদ্দিন  
অতিরিক্ত পরিচালক  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
ঢাকা অঞ্চল, ঢাকা।



প্রাপকঃ

ক) বর্তমান ঠিকানাঃ

জনাব মোঃ মাহমুদুল হাসান, অফিস সহায়ক  
উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কিশোরগঞ্জ।

খ) স্থায়ী ঠিকানাঃ

জনাব মোঃ মাহমুদুল হাসান, অফিস সহায়ক  
পিতা- মোঃ আলাউদ্দিন, গ্রাম- চরপাড়াতলা, ডাকঘর- তালতলা, উপজেলা- পাকুন্দিয়া, জেলা- কিশোরগঞ্জ।

স্মারক নং-১২.১৬.০০০০.০৩৯.২৭.৩১৭.১৮-২২৪৬(৬)

তারিখ- ২৬/০৫/২৬

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কিশোরগঞ্জ।
- ২। জেলা একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, কিশোরগঞ্জ।

এস. এম. সোহরাব উদ্দিন  
অতিরিক্ত পরিচালক  
ফোনাঃ ০২২২২২৪২০৫৫